

💵 নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (১৫৯) কুরআন ও হাদীছ থেকে দ্বীনের তৃতীয় স্তর তথা 'ইহসান'এর দলীল দিন?

উত্তরঃ ইহসানের অনেক দলীল রয়েছে। তার মধ্যে থেকে নিম্নে কতিপয় দলীল বর্ণনা করা হল। আল্লাহ্ তাআলা বলেনঃ

وَأَحْسِنُوا إِنَّ اللَّهَ يُحِبُّ الْمُحْسِنِينَ

"তোমরা ইহসান কর। নিশ্চয়ই আল্লাহ্ তাআলা ইহসানকারীদের ভালবাসেন"। (সূরা বাকারাঃ ১৯৫) আল্লাহ্ তাআ'লা আরও বলেনঃ

إن الله مع الذين اتقوا والذين هم محسنون

''নিশ্চয় আল্লাহ তাদের সঙ্গে আছেন, যারা পরহেযগার (আল্লাহভীরু) এবং যারা সৎকর্ম করে।'' (সূরা নাহাল -১২৮) আল্লাহ্ তাআ'লা আরও বলেনঃ

وَمَنْ يُسْلِمْ وَجْهَهُ إِلَى اللَّهِ وَهُوَ مُحْسِنٌ فَقَدِ اسْتَمْسَكَ بِالْعُرْوَةِ الْوُتْقَى

''আর যে ব্যক্তি সৎকর্মপরায়ন হয়ে স্বীয় মুখমণ্ডলকে আল্লাহ অভিমুখী করে, সে ধারণ করে নিয়েছে সুদৃঢ় হাতল''। (সুরা লুকমানঃ ২২) আল্লাহ তাআ'লা আরও বলেনঃ

لِلَّذِينَ أَحْسَنُوا الْحُسْنَى وَزِيَادَةٌ

''যারা সৎকর্ম সম্পাদন করেছে, তাদের জন্যে রয়েছে উত্তম বস্তু (জান্নাত) এবং আরও অতিরিক্ত নেয়ামত (আল্লাহর দীদার)''। (সূরা ইউনুসঃ ২৬) আল্লাহ তাআ'লা আরও বলেনঃ

هَلْ جَزَاءُ الإِحْسَانِ إِلاَّ الإِحْسَانُ

"উত্তম কাজের পুরস্কার উত্তম (জান্নাত) ব্যতীত আর কি হতে পারে"? (সূরা আর্ রাহমানঃ ৬০) নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ

إِنَّ اللَّهَ كَتَبَ الإِحْسَانَ عَلَى كُلِّ شَيْءٍ)

''আল্লাহ্ তাআলা প্রত্যেক জিনিষের উপর ইহসান আবশ্যক করেছেন''।[1] নবী সাল্লাল্লাহ্ু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ

(نِعِمَّا لِلْعَبْدِ أَنْ يَتَوَفَّاهُ اللَّهُ بِحُسْنِ عِبَادَةِ رَبِّهِ وَبِصحابة سَيِّدِهِ نِعِمَّا لَهُ وَنِعِمَّا لَهُ)

"ঐ ক্রীতদাসের জন্য সৌভাগ্য, যে ই২সানের সাথে (উত্তম ভাবে) আল্লাহর এবাদত এবং একনিষ্ঠতার সাথে স্বীয় মনিবের খেদমত করা অবস্থায় মৃত্যু বরণ করল। সে কতই না সৌভাগ্যবান"।[2]



ফুটনোট

- [1] মুসলিম, অধ্যায়ঃ কিতাবুস্ সায়েদ ওয়ায্ যাবায়েহ।
- [2] মুসলিম, অধ্যায়ঃ কিতাবুল ঈমান।
- Source https://www.hadithbd.com/books/link/?id=11973

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন